# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-২৪৮/১৫

তারিখ: ০৭ চৈত্র ১৪৩২ / ২০ এপ্রিল ২০২৫

**বিষয়ঃ জনাব নাসিমা বেগম, সহকারী শিক্ষক (কৃষি) এর স্ব-পদে দায়িত্ব পালন প্রসঙ্গে**

সূত্র: ১। জনাব নাসিমা বেগম কর্তৃক দাখিলকৃত দরখাস্ত, তারিখ: ২১/০৮/২০২৪খ্রি.
২। রিট পিটিশন নং ১৪৭২৬/২০২৪ প্রদত্ত আদেশ, তারিখ: ১৪/০১/২০২৫খ্রি.
৩। নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-২৪৮/১১, তারিখখ: ০৭/০৪/২০২৫খ্রি.
৪। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক দাখিলকৃত জবাব

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার দুমকী উপজেলাধীন জলিশা হাজী হাসমত বালিকা দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (কৃষি) জনাব নাসিমা বেগম অসুস্থতাজনিত ছুটিতে যাওয়ার পর সুস্থ হয়ে মাদ্রাসায় যোগদান করতে গেলে তাঁকে বিভিন্ন অজুহাতে যোগদান করতে দেয়া হয় নাই ও বিভিন্নভাবে চেষ্টা করলেও মাদ্রাসা কর্তৃপক্ষ মাদ্রাসায় যোগদান করার সুযোগ প্রদান করেন নাই বিধায় জনাব নাসিমা বেগম বোর্ডে ২১/০৮/২০২৪খ্রি. তারিখে সূত্রোক্ত ০১নং স্মারকে আবেদন করেন।

২। সূত্রোক্ত ০১ নং স্মারকে বর্ণিত দরখাস্ত বোর্ড কর্তৃক অনিষ্পন্ন থাকায় জনাব নাসিমা বেগম মহামাহন্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৪৭২৬/২০২৪ দায়ের করেন। মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত আদেশ তারিখ: ১৪/০১/২০২৫ মোতাবেক বিষয়টি আইনানুগভাবে নিষ্পত্তির প্রেক্ষিতে বোর্ড কর্তৃক মাদ্রাসা কর্তৃপক্ষকে জনাব নাসিমা বেগমের দরখাস্তে বর্ণিত বক্তব্য/অভিযোগ বিষয়ে মাদ্রাসা কর্তৃপক্ষের বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র প্রেরণের জন্য সূত্রোক্ত ০৩নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। মাদ্রাসার সুপার তাঁর দাখিলী জবাবে অভিযোগসমূহ কার্যত অস্বীকার করেন, কিন্তু দীর্ঘ ১২ (বার) বৎসরের মধ্যেও তদন্ত করে উক্ত বিষয়ে বিধি মোতাবেক মাদ্রাসা কর্তৃপক্ষ কোন ব্যবস্থা নিয়েছেন এরকম কোন বক্তব্য/প্রমাণ পাওয়া যায়নি এবং আগস্ট, ২০২৪ এর এমপিও মোতাবেক জনাব নাসিমা বেগম এর নাম এমপিও তে বলবৎ আছে।

এমতাবস্থায়, সার্বিক বিবেচনায় জনাব নাসিমা বেগম এর বিরুদ্ধে বিধি মোতাবেক কোন বিভাগীয় ব্যবস্থা/ প্রক্রিয়া বিদ্যমান বা চলমান না থাকায় ও তাঁর নাম এমপিও তে বলবৎ থাকায় তাঁকে মাদ্রাসায় স্বীয় পদে যোগদান করতে দেয়া ও তাঁর দায়িত্ব পালনে কোনরূপ অন্তরায় সৃষ্টি না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২০/০৪/২৫


প্রফেসর মোঃ আবদুছ ছাত্তার মিয়া
রেজিষ্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registar@bmeb.gov.bd


১। সভাপতি
জলিশা হাজী হাসমত বালিকা দাখিল মাদ্রাসা, দুমকী, পটুয়াখালী;

২। সুপার/ভারপ্রাপ্ত সুপার
জলিশা হাজী হাসমত বালিকা দাখিল মাদ্রাসা, দুমকী, পটুয়াখালী;

চলমান পাতা -০২

নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-২৪৮/১৫ তারিখ: ০৭ চৈত্র ১৪৩২ / ২০ এপ্রিল ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পটুয়াখালী;
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৩. উপজেলা নির্বাহী অফিসার, দুমকী, পটুয়াখালী;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুমকী, পটুয়াখালী;
৫. জনাব নাসিমা বেগম, সহকারী শিক্ষক (কৃষি), জলিশা হাজী হাসমত বালিকা দাখিল মাদ্রাসা, দুমকী, পটুয়াখালী;
৬. পি এ টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি (নথি নং-২৪৮)।

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২২২৩৩৬৪৮৭৪
ই-মেইল:dradmin@bmeb.gov.bd